দৈনিক বাংলা

77

তারিখ 24 MAY 1995
পৃষ্ঠা 7 কলাম 6

# পরীক্ষা পেছানোর দাবী ঃ টঙ্গীতে সড়ক অবরোধ

নিজস্ব সংবাদদাতা ঃ টঙ্গী, ২৩ মে।–এইচএসসি পরীক্ষা পেছানোর দাবীতে মঙ্গলবার দুপুরে টঙ্গী সরকারী কলেজের ছাত্ররা ঢাকা–ময়মনসিংহ মহাসড়কে দেড় ঘন্টা অবরোধ ও বিক্ষোভ মিছিল করে।

(৮–এর পৃঃ ৩–এর কঃ দ্রঃ)

## পরীক্ষা পেছানোর

(প্রথম পৃষ্ঠার পর)

বেলা ১১টার দিকে ত্রিশ চল্লিশ জন ছাত্রের একটি মিছিল পরীক্ষা পেছানোর দাবীতে বিভিন্ন শ্লোগান দিয়ে কলেজের সামনে ময়মনসিংহ মহাসড়কে বাস–ট্রাক আড়াআড়ি করে রেখে অবরোধ সৃষ্টি করে। খবর পেয়ে গাজীপুর জেলা প্রশাসক নজরুল ইসলাম ছাত্রদের আশ্বাস দেন, তাদের সমস্যার কথা সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে জানিয়ে দেয়া হবে। পরে ছাত্ররা প্রশাসককে একটি স্মরকলিপি দিয়ে তাদের সড়ক অবরোধ প্রত্যাহার করে নেন।